সংবাদ

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

### রোকেয়া বিশ্ববিদ্যালয়

# চার দফা দাবিতে কর্মকর্তাদের ধর্মঘট

## প্রশাসন অচল

জেলা বার্তা পরিবেশক ও প্রতিনিধি বেরোবি রংপুর

পদোন্নতি প্রদানসহ ৪ দফা দাবিতে গতকাল থেকে অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু করেছে রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় অফিসার্স সমিতি। এতে করে প্রশাসনিক কার্যক্রমসহ সব কর্মকাণ্ড বন্ধ হয়ে গেছে। আন্দোলনে যেতে বাধ্য করার জন্য অফিসার্স সমিতি উপাচার্যকে দায়ী করেছে। তবে উপাচার্য বলেছেন, বিশ্ববিদ্যালয়ের আসন্ন ২০১৭ শিক্ষা বর্ষের ভর্তি পরীক্ষাকে জিম্মি করে এ আন্দোলন করা হচ্ছে।

জানা গেছে, গতকাল দুপুরে রোকেয়া বিশ্ববিদ্যালয় অফিসার্স সমিতির নেতৃবৃন্দ তাদের দাবি-দাওয়া নিয়ে আলোচনা করতে উপাচার্য অধ্যাপক ড. নুর উন নবীর সঙ্গে দেখা করার জন্য তার চেম্বারে যায়। এ সময় উপাচার্য তাদের সঙ্গে এ ব্যাপারে কোন কথা বলতে অস্বীকৃতি জানান। এ নিয়ে উভয়ের মধ্যে উত্তপ্ত বাক্যবিনিময় হয়। একপর্যায়ে উপাচার্য অফিসার্স সমিতির নেতাদের তার চেম্বার থেকে চলে যেতে বলেন। এ সময় বিক্ষুব্ধ নেতারা সেখান থেকে বের হয়ে এসে তাদের দাবির সমর্থনে বুধবার সকাল ১০টা পর্যন্ত ধর্মঘট শুরু করে। মুহূর্তের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে থাকা কর্মকর্তারা বের হয়ে এসে ধর্মঘটে যোগ দেন। এতে করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রমসহ সব কর্মকাণ্ড বন্ধ হয়ে যায়। এর কিছুক্ষণ পর উপাচার্য বিশ্ববিদ্যালয়ের পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই এরশাদ আলীর নেতৃত্বে কয়েকজন পুলিশ সদস্যদের নিয়ে প্রশাসনিক ভবনের বিভিন্ন কক্ষ ঘুরে ঘুরে দেখেন। এরপর তিনি দুপুর দেড়টার দিকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইব্রাহিম কবীরকে সঙ্গে নিয়ে প্রশাসনিক ভবন ত্যাগ করে তার বাসভবনে চলে যান বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

এদিকে পরিস্থিতি শান্ত করতে বিকেল ৪টার দিকে অফিসার্স সমিতির নেতাদের সঙ্গে আলোচনা করার সিদ্ধান্ত নিলেও দুপুরের পর তা বাতিল করে দেন। ফলে আলোচনা না করায় বিশ্ববিদ্যালয় অফিসার্স সমিতি জরুরি সভা আহ্বান করে অনির্দিষ্টকালের ধর্মঘট পালন করার ঘোষণা দেয়। এ ব্যাপারে অফিসার্স সমিতির সভাপতি গোলাম ফিরোজ জানান, মূলত ৪ দফা দাবি নিয়ে দীর্ঘ এক মাস ধরে তারা উপাচার্যের সঙ্গে দেখা করার অনুমতি প্রার্থনা করলেও তিনি তাদের সাক্ষাৎ দেননি। দাবিগুলো হলো অফিসারদের প্রমোশন, ৫ কর্মকর্তার সকল বকেয়াসহ বেতন ভাতা প্রদান, বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ডরমেটরিতে নিয়ম অনুযায়ী অফিসারদের জন্য বরাদ্দ প্রদান এবং ভর্তি পরীক্ষায় পারিতোষিক সমবণ্টন।